# সমস্যায় করোগেটেড বাক্স ও খাতা

নিজস্ব সংবাদদাতা

জিএসটির হার কমার ফলে নিত্যপ্রয়োজনীয় বহু জিনিসপত্রের দাম কমেছে। কিন্তু পরিবর্তিত কর কাঠামোয় চাপে পড়েছে কয়েকটি শিল্প। সেগুলির মধ্যে রয়েছে করোগেটেড বাক্স এবং খাতা। কর কাঠামো বদলের জন্য সরকারের কাছে দরবার করেছে তারা।

করোগেটেড বাক্সে জিএসটি কমলেও কাঁচামালের কর বেড়েছে। ফলে এই শিল্প বিপ্রতীপ কর কাঠামোয় পড়ে গিয়েছে। তাই কাঁচামালের কর ফেরত পেলেও, উৎপাদনের জন্য প্রয়োজনীয় যন্ত্র এবং পরিষেবা বাবদ খরচে আগে মেটানো কর ফেরতের (আইটিসি) সুবিধা পাবে না তারা। সারা দেশে এমন সংস্থা প্রায় ২০,০০০। ১০০০টি পশ্চিমবঙ্গে। সমস্তই ক্ষুদ্র, ছোট ও মাঝারি (এমএসএমই)। তাদের সংগঠন ইস্টার্ন ইন্ডিয়া করোগেটেড বক্স ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের আশঙ্কা, করের হার সংশোধন না করলে বহু সংস্থা বন্ধ হতে পারে। রাজ্যে এই শিল্পে প্রায় এক লক্ষ কর্মী যুক্ত। দেশে ১০ লক্ষ। এ ব্যাপারে কেন্দ্রকে চিঠি দিয়েছে সংগঠনটি। দেখা করবে রাজ্যের স্বাধীন ভারপ্রাপ্ত অর্থ প্রতিমন্ত্রী তথা জিএসটি পরিষদের সদস্য চন্দ্রিমা ভট্টাচার্যের সঙ্গে।

করোগেটেড বাক্সের কর ১২% থেকে কমে ৫% হয়েছে। কিন্তু তা তৈরি করতে যে ক্র্যাফট পেপার এবং বোর্ড লাগে তার কর ১২% থেকে বেড়ে হয়েছে ১৮%। সংগঠনের প্রাক্তন সভাপতি মিলন দে বলেন, "এর ফলে উৎপাদন খরচ বেড়েছে। এ ছাড়া জিএসটি আইন অনুযায়ী, তৈরি পণ্যের করের হার যদি কাঁচামালের করের থেকে কম হয়, তা হলে সেই শিল্প বিপ্রতীপ কর কাঠামোর আওতায় চলে যায়। ফলে যন্ত্রপাতি, ঠিক কর্মী, বাইরের নিরাপত্তা রক্ষী নিয়োগের মতো পরিষেবায় আগে মেটানো মেটানো কর ফেরতের দাবি করা যাবে না।" তাঁর দাবি, কাঁচামালের কর তাঁরা ফেরত পাবেন। কিন্তু তার জন্য এখন ৪৫-৬০ দিন সময় লাগে। এত দিন মূলধন আটকে থাকায় চাপ বাড়বে।

আবার খাতায় জিএসটি শূন্যে নেমেছে। ফলে কাঁচামাল কিংবা যন্ত্রপাতি ও পরিষেবা, কোনও ক্ষেত্রেই আইটিসির সুবিধা মিলবে না। এমনিতে খাতা তৈরির কাগজের করও শূন্য। ফলে সেখানে সমস্যা নেই। কিন্তু যন্ত্র ও পরিষেবা খাতে মেটানো কর ফেরতের সুবিধা পাচ্ছে না তারা। খাতা সংস্থা পায়োনিয়ার পেপার অ্যান্ড স্টেশনারির কর্ণধার হরিশ চোপড়া বলেন, "খাতায় অন্তত ৫% কর বসুক। তা হলে অন্তত কাঁচামালে আইটিসির সুবিধা পাব। অন্যথা দাম বাড়াতে হবে।"

## বিপ্রতীপ কর

### কাঠামো-১

- পণ্যের জিএসটি শূন্য।
- কাঁচামাল, যন্ত্রপাতি কিংবা কারখানা চালানোর নানা পরিষেবার কর বেশি।
- কর ফেরতের কোনও সুবিধা মিলবে না।

### কাঠামো-২

- পণ্যে জিএসটি রয়েছে।
- তবে কাঁচামাল, যন্ত্রপাতি বা কারখানা চালানোর পরিষেবায় আরও বেশি।
- শুধু কাঁচামালের কর ফেরত পাওয়া যাবে।


**দক্ষিণ পূর্ব রেলওয়ে – টেন্ডার**

সিনিয়র ডিভিশনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার (জি)/সাঁতরাগাছি, দক্ষিণ পূর্ব রেল, খড়্গপুর ডিভিশন ভারতের রাষ্ট্রপতির তরফে, নীচে উল্লেখিত বিশদ বিবরণ অনুসারে **www.ireps.gov.in** ওয়েবসাইটে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে একক টেন্ডারের আহ্বান করা হচ্ছে: টেন্ডার বিজ্ঞপ্তি নং.: ইলেক্ট্রি-এসআরসি-এসটি-২৫-২৬- জিআরইএডিই; কাজের নাম: তিন বছরের জন্য সাঁতরাগাছি, শালিমার এবং পদ্মপুকুর কোচিং ডিপোতে ডিজি সেটের রক্ষণাবেক্ষণ সহ প্রাথমিক রক্ষণাবেক্ষণকৃত রেকের পাওয়ার গাড়িতে লাগানো আনুষঙ্গিকগুলি সহ বিভিন্ন রেকের পাওয়ার কারে ইনস্টল করা 'গ্রীভস' -এর তৈরির ডিজি সেট (৫০০কেভিএ) -এর জন্য এসকর্টিং, অপারেশন, 'এ', 'এম১' এবং 'এম২-এম৫' চেক; দরপত্র মূল্য: ₹ ১০,৫৯,৭৪,৯৭৪.০৬; ইএমডি/ বিড সিকিউরিটি: ₹ ৬,৭৯,৯০০.০০; টেন্ডার বন্ধের তারিখ ও সময়: ১৩.১০.২০২৫ তারিখে ১১:০০ টায়। টেন্ডার বিজ্ঞপ্তি, টেন্ডার নথিপত্র এবং অন্যান্য বিবরণ ওয়েবসাইটে দেওয়া আছে: **www.ireps.gov.in**। যোগ্য ঠিকাদারদের শুধুমাত্র অনলাইনে, **www.ireps.gov.in** ওয়েবসাইটে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে। এই টেন্ডারের জন্য কোনও অফলাইন